গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৮৮/২০১৮-২০১৯
ঢাকা, সোমবার ১ এপ্রিল ২০১৯, ১৮ চৈত্র ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ব্যাংক ঋণ শোধ করলে সুদের হারও কমবে : শিল্পমেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

২। শিল্পমেলায় ওয়ালটনের স্টল পরিদর্শন করলেন প্রধানমন্ত্রী

৩। নিয়ম অমান্য করে নির্মাণ করা ভবনের বিরুদ্ধে
আজ থেকে অভিযানে নামছে রাজউকের ২৪টি টিম : গণপূর্তমন্ত্রী

৪। দুর্ঘটনা নিয়ে রাজনীতি করবেন না : বিএনপি নেতৃবৃন্দের উদ্দেশে তথ্যমন্ত্রী

৫। সরকার চাইছে ২০২৫ সালের মধ্যে শতভাগ কর্মসংস্থানের নিশ্চয়তা দিতে : অর্থমন্ত্রী

৬। বঙ্গবন্ধুর স্বপ্ন পূরণে শিক্ষার্থীদের কাজ করতে হবে : শিক্ষামন্ত্রী

৭। জন্মশতবার্ষিকীর আগেই বঙ্গবন্ধুর খুনিদের দেশে ফিরিয়ে আনতে চাই : পররাষ্ট্রমন্ত্রী

৮। শিক্ষাব্যবস্থায়ও ব্যাপক উন্নয়ন করেছে সরকার : মানিকগঞ্জে স্বাস্থ্যমন্ত্রী

৯। আগামী জুনের মধ্যে সারাদেশে ই-নামজারি চালু হবে : ভূমিমন্ত্রী

১০। মৎস্যখাতের উন্নয়নে অবৈধ জালের উৎসমূল নির্মূলের নির্দেশ মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রীর

১১। দেশে একযোগে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু আজ

১২। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের উন্নয়নে বিশ্বব্যাংকের ১০ কোটি ৫ লাখ মার্কিন ডলারের ঋণ অনুমোদন

চলমান পাতা-২

১। **ব্যাংক ঋণ শোধ করলে সুদের হারও কমবে : শিল্পমেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশে শিল্পায়নে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা হচ্ছে ব্যাংক ঋণে সুদের হার। সরকারের পক্ষ থেকে নানা সুবিধা দেওয়ার পরও সুদের হার কমছে না কেন সে প্রশ্ন তুলে তিনি এ জন্য কিছু কিছু ব্যাংক মালিকের সমালোচনা করেছেন। প্রধানমন্ত্রী বলেছেন, শিল্পায়নের স্বার্থে সুদের হার কমাতে সরকার ফের উদ্যোগ নিয়েছে। সুদের হার কমাতে ব্যাংক ঋণ পরিশোধ করার জন্য শিল্পপতিদের তাগিদ দিয়েছেন প্রধানমন্ত্রী। তিনি বলেছেন, ঋণ নিয়ে ঠিকমতো পরিশোধ করলে সুদের হার কমানো কঠিন হবে না। গতকাল (৩১ মার্চ রোববার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে জাতীয় শিল্পমেলার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.২)।

২। **শিল্পমেলায় ওয়ালটনের স্টল পরিদর্শন করলেন প্রধানমন্ত্রী**

জাতীয় শিল্পমেলায় ওয়ালটনের স্টল পরিদর্শন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় তিনি ওয়ালটনের তৈরি বিশ্বমানের ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল এবং প্রযুক্তিপণ্য দেখে সন্তোষ প্রকাশ করেন। দেশেই এসব পণ্যের উৎপাদন, বাজারজাতকরণ এবং রপ্তানিতে ওয়ালটনের সাহসী উদ্যোগের তিনি প্রশংসা করেন। গতকাল (৩১ মার্চ রোববার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে শুরু হয়েছে ৭ দিনব্যাপী প্রথম জাতীয় শিল্পমেলা। গতকাল সকালে মেলার উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এরপর তিনি মেলায় অংশ নেওয়া বিভিন্ন প্রতিষ্ঠানের স্টল পরিদর্শন করেন। সূত্র : **সংবাদ** (পৃ.১৪,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.৪,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১০,ক.১)।

৩। **নিয়ম অমান্য করে নির্মাণ করা ভবনের বিরুদ্ধে**
**আজ থেকে অভিযানে নামছে রাজউকের ২৪টি টিম : গণপূর্তমন্ত্রী**

রাজউকের ২৪টি টিম আজ থেকে ঢাকা শহরে নিয়ম অমান্য করে নির্মাণ করা ভবনের বিরুদ্ধে অভিযান চালাবে বলে জানিয়েছেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ. ম. রেজাউল করিম। গতকাল (৩১ মার্চ রোববার) রাজধানীর দিলকুশায় রাজউকের প্রধান কার্যালয় মিলনায়তনে অনুষ্ঠিত সভায় তিনি একথা বলেন। মন্ত্রী বলেন, পরবর্তীতে আমরা এ রিপোর্ট জনসম্মুখে আনতে জাতীয় পত্রিকা এবং টেলিভিশনে বিজ্ঞাপন আকারে প্রকাশ করব। কারণ দেশের মানুষের জানা দরকার অর্থলোভী মানুষ সমাজের সাধারণ মানুষের জানমালের নিরাপত্তা রক্ষা না করে এভাবে অবৈধভাবে ভবন নির্মাণ করেছে। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইতেফাক** (পৃ.১৯,ক.১), **অবজারভার** (পৃ.৮,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৪)।

৪। **দুর্ঘটনা নিয়ে রাজনীতি করবেন না : বিএনপি নেতৃবৃন্দের উদ্দেশে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বিএনপির উদ্দেশে বলেছেন, দুর্ঘটনা নিয়ে রাজনীতি না করে নিজ দলের নেতার বিরুদ্ধে ব্যবস্থা নিন। আর্তপীড়িতদের পাশে দাঁড়ান। নির্মাণবিধিমালা লঙ্ঘনকারীদের বিরুদ্ধে দল-মত নির্বিশেষে ঐক্যবদ্ধ হোন। যিনি নির্মাণ বিধিমালা মানবেন না, তিনি নিজেই বিপদে পড়বেন। গতকাল (৩১ মার্চ রোববার) বঙ্গবন্ধু এভিনিউয়ে মহানগর দক্ষিণ আওয়ামী লীগের কার্যালয়ে বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট আয়োজিত মহান স্বাধীনতা দিবস উপলক্ষে আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৪), **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

৫। **সরকার চাইছে ২০২৫ সালের মধ্যে শতভাগ কর্মসংস্থানের নিশ্চয়তা দিতে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, বাংলাদেশ অবকাঠামোখাতে যেভাবে এগোচ্ছে তাতে অচিরেই শিল্প বিনিয়োগকে আরো বেশি আকর্ষণ করা সম্ভব হবে। সরকার চাইছে ২০২৫ সালের মধ্যে কর্মক্ষম জনগোষ্ঠীকে শতভাগ কর্মসংস্থানের নিশ্চয়তা দিতে। এ কর্মসংস্থান তৈরি হলে জাতীয় পর্যায়ে দরিদ্রের হার ১৬ ভাগে নেমে আসবে। এক্ষেত্রে, কর্মসংস্থান তৈরিতে সরকার কারিগরিভাবে দক্ষ মানবসম্পদ গড়ে তুলবে। এছাড়া প্রয়োজনীয় অবকাঠামো তৈরিতে সরকার ব্যয় বাড়াবে। এর মাধ্যমে বেসরকারিখাত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে আরো বেশি ভূমিকা রাখতে পারবে। সরকার ফাস্ট ট্রাক প্রকল্পগুলো যথাসময়ে বাস্তবায়নে সবচেয়ে গুরুত্ব দিচ্ছে বলেও জানান তিনি। গতকাল (৩১ মার্চ রোববার) আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) আবাসিক প্রতিনিধি র‍্যাগনার গুডমুন্ডসনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে অর্থমন্ত্রী এ কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৭), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

৬।	**বঙ্গবন্ধুর স্বপ্ন পূরণে শিক্ষার্থীদের কাজ করতে হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষার্থীদের উদ্দেশে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, দেশ গড়ার মহান ব্রত নিয়ে তোমাদের এগিয়ে আসতে হবে। তোমরা এগিয়ে গেলে এগিয়ে যাবে দেশ। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অনেক কাজ সমাপ্ত করে যেতে পারেননি। তাঁর সেসব স্বপ্ন পূরণে তোমাদের কাছ করতে হবে। গতকাল (৩১ মার্চ রোববার) চট্টগ্রামের বেসরকারি পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির প্রথম সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৪), **সংবাদ** (শেষ পৃ,ক.৭), **ডেইলি সান** (পৃ.১৪,ক.১), **অবজারভার** (পৃ.৮,ক.২)।

৭।	**জন্মশতবার্ষিকীর আগেই বঙ্গবন্ধুর খুনিদের দেশে ফিরিয়ে আনতে চাই : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, জন্মশতবার্ষিকীর আগেই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের খুনিদের দেশে ফিরিয়ে আনতে চায় সরকার। এ লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয় কাজ করছে। এজন্য সকলের সহযোগিতাও প্রয়োজন। গতকাল (৩১ মার্চ রোববার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদে অনুষ্ঠিত বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষে বিশেষ বৃত্তি প্রদান অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে 'সিক্রেট ডকুমেন্টস্ অভ্ ইনটেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অভ্ দ্য নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান' (খন্ড-১ও খন্ড-২) বইটি বিতরণ করা হয়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.৯,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.২)।

৮।	**শিক্ষাব্যবস্থায়ও ব্যাপক উন্নয়ন করেছে সরকার : মানিকগঞ্জে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, বর্তমান সরকার দেশের সার্বিক উন্নয়নের পাশাপাশি শিক্ষাব্যবস্থায় ব্যাপক উন্নয়ন করেছে। ছাত্রছাত্রীদের সব সুযোগ-সুবিধা দিয়েছে। বছরের শুরুতে শিক্ষার্থীদের হাতে বিনামূল্যে বই তুলে দিচ্ছে এবং দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি দিচ্ছে। সরকারের এ সুযোগ-সুবিধা কাজে লাগিয়ে সুশিক্ষায় শিক্ষিত হতে হবে, দেশ ও জাতির কল্যাণে কাজ করতে হবে। গতকাল (৩১ মার্চ রোববার) মানিকগঞ্জের সাটুরিয়া উপজেলার গোলড়া উসলামিয়া দাখিল মাদ্রাসার তিন তলা একাডেমিক ভবনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১)।

৯।	**আগামী জুনের মধ্যে সারাদেশে ই-নামজারি চালু হবে : ভূমিমন্ত্রী**

ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী বলেছেন, মাঠ প্রশাসনে ভূমি ব্যবস্থাপনার সঙ্গে সম্পৃক্ত সৎ, দক্ষ, দায়িত্বশীল কর্মকর্তাদের ভাল কাজের জন্য পুরস্কৃত করা হবে। পাশাপাশি কোনো কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে অসৎ পন্থা অবলম্বনের প্রমাণ পাওয়া গেলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি কঠোরভাবে অনুসরণ করা হবে। মন্ত্রী আরো বলেন, ইতোমধ্যে তিন লাখ ৯৩ হাজারেরও বেশি ই-নামজারি কেস সম্পন্ন হয়েছে। আগামী জুনের মধ্যেই সমগ্র দেশে ই-নামজারি ব্যবস্থা চালু করা হবে। নামজারি সম্পন্ন করার সময়কাল ২৮ দিনে নামিয়ে আনা হয়েছে, এছাড়াও অনাবাসী বাংলাদেশিদের জন্য তা আরও কমিয়ে আনার ব্যবস্থা চলছে। তিনি বলেন, আমরা আগামী ১০ এপ্রিল থেকে ভূমি সেবা সপ্তাহ এবং ভূমি করমেলা করব। মানুষের মধ্যে সচেতনতা গড়ে তুলতে এ কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। গতকাল (৩১ মার্চ রোববার) রাজধানীর ইস্কাটনের বিয়াম মিলনায়তনে ভূমি মন্ত্রণালয় ও ভূমি সংস্কার বোর্ডের যৌথ আয়োজনে ভূমি সেবায় অধিকতর গতিশীলতা আনয়নে 'ই-নামজারির ভূমিকা' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.২), **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.১)।

**১০। মৎস্যখাতের উন্নয়নে অবৈধ জালের উৎসমূল নির্মূলের নির্দেশ মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রীর**

মৎস্যখাতের উন্নয়ন-ত্বরান্বিতের লক্ষ্যে মাছের বংশধ্বংসকারী অবৈধজালের উৎসমূল নির্মূলের নির্দেশ দিয়ে মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী আশরাফ আলী খান খসরু বলেছেন, এসব জাল ধ্বংস করতে না পারলে আমাদের দেশিয় মাছ আর খুঁজে পাওয়া যাবে না। মৎস্য গবেষণা ইনস্টিটিউটের বৈজ্ঞানিকদের উদ্ভাবিত প্রযুক্তি এবং মৎস্য অধিদফতরের প্রচেষ্টায় দেশে বিলুপ্তপ্রায় **১৯** প্রজাতির মাছের পুনরাবির্ভাব করা হচ্ছে। গতকাল (**৩১** মার্চ রোববার) রাজধানীর উত্তরায় ৯ তলাবিশিষ্ট মৎস্য ভবন-২ এর উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র **: সংবাদ** (পৃ.৪,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**১১। দেশে একযোগে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু আজ**

দেশের **১১**টি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি ও সমমান পরীক্ষা একযোগে আজ (**১** এপ্রিল সোমবার) থেকে শুরু হচ্ছে। এতে এ বছর অংশ নিচ্ছে **১৩** লাখ **৫১** হাজার ৫০৫ পরীক্ষার্থী। দেশের মোট ২ হাজার ৫৭৯টি পরীক্ষাকেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি আজ সকাল সাড়ে ৯টায় রাজধানীর বেইলি রোডের সিদ্ধেশ্বরী গার্লস কলেজ পরীক্ষাকেন্দ্র পরিদর্শন করবেন বলে জানা গেছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

**১২। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের উন্নয়নে বিশ্বব্যাংকের ১০ কোটি ৫ লাখ মার্কিন ডলারের ঋণ অনুমোদন**

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের উন্নয়নে **১০** কোটি ৫ লাখ মার্কিন ডলারের ঋণ অনুমোদন করেছে বিশ্বব্যাংকের বোর্ড সভা। ঢাকা সিটি নেইবারহুড আপগ্রেডিং প্রজেক্ট বাস্তবায়নে এঅর্থ ব্যয় করা হবে। বিশ্বব্যাংকের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এ প্রকল্পের মাধ্যমে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সাধারণ মানুষদের জন্য উন্মুক্ত এলাকা যেমন পার্ক, খেলার মাঠ, সরোবর, রাস্তা, ফুটপাত এবং কমিউনিটি সেন্টারগুলোর উন্নতি করা হবে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.৫)।

**সম্পাদকীয়**

**ক. ইত্তেফাক :** দেশের শিক্ষাব্যবস্থায় বিরাজমান সৃজনশীল পদ্ধতিতে প্রায় অর্ধেক শিক্ষক এখনো অদক্ষ এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে শিক্ষকদের এ ব্যাপারে দক্ষ করে গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

**খ. সমকাল :** দেশে সাইবার অপরাধ বেড়ে যাচ্ছে উল্লেখ করে এ অবস্থা নিরসনে জনসচেতনতার আহ্বান।

**গ. যায়যায়দিন, ইনকিলাব, যুগান্তর :** বনানীর এফআর টাওয়ারের ভয়াবহ অগ্নিকাণ্ডের পর গুলশানের ডিএনসিসি কাঁচাবাজার ও সুপারমার্কেট পুড়ে ছাই হওয়ায় উদ্বেগ প্রকাশ করে অগ্নিকাণ্ডের ভয়াবহতা থেকে রক্ষা পেতে যে সব বিষয় ইতোমধ্যে সামনে এসেছে তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আমলে নেওয়ার সুপারিশ।

**ঘ. বণিক বার্তা :** ক্যান্সারের ঝুঁকি থাকা সত্ত্বেও জমিতে আগাছা দমনে অত্যাধিক কীটনাশকের ব্যবহার হচ্ছে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে কীটনাশক ও রাসায়নিক সারের যথেচ্ছ ব্যবহার বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**ঙ. সংবাদ :** রেলখাতের অনিয়ম-দুর্নীতি দূর করে রেল পরিচালনা ও এর সম্পদ রক্ষণাবেক্ষণ কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

**চ. ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে :** আসন্ন রমজানের আগেই নিত্যপণ্যের বাজারের মূল্যবৃদ্ধিরোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**ছ. বাংলাদেশ টুডে :** ধূমপান স্বাস্থ্যর জন্য ক্ষতিকর ধুমপান রোধে সামাজিক সচেতনতার ওপর গুরুত্বারোপ।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'পড়ালেখার উদ্দেশ্য কি সার্টিফিকেট জোগাড় মাত্র?'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, জনসংখ্যাকে জনশক্তিতে রূপান্তর করাই হতে হবে শিক্ষার উদ্দেশ্যে।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা